গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান শাখা

"দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণ এবং জোরদারকরণে রাঙ্গামাটির ঘাগড়ায় বহুবিধ সুবিধাসহ কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত)" প্রকল্পের ৪র্থ পিআইসি সভার কার্যবিবরণীঃ

---

| | |
|---|---|
| সভাপতি | আবদুল লতিফ খান এনডিসি<br>মহাপরিচালক (ভারপ্রাপ্ত) |
| সভার তারিখ | ২৯/০৩/২০২১খ্রিঃ। |
| সভার সময় | সকাল ১১:৩০ ঘটিকা। |
| স্থান | শ্রম অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষ (লেভেল ১৯)। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ আরম্ভ করেন। প্রথমেই প্রকল্পের বিগত ১৯/০১/২০২০খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের ৩য় PIC সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক জনাব মোঃ আবু আশরীফ মাহমুদ সভায় নির্ধারিত আলোচ্যসূচি মতে প্রণীত কার্যপত্র উপস্থাপন করেন এবং নিম্নরুপ আলোচনা শুরু করেনঃ

**আলোচনাঃ ২. প্রকল্প কাজের ভৌত ও আর্থিক অগ্রগতিঃ**

**২.১ প্রকল্প কাজের ভৌত ও আর্থিক অগ্রগতিঃ** প্রকল্প কাজের ভৌত অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, ভৌত অবকাঠামোতে নির্মাণ কাজের ইতোমধ্যে ৯২% কাজ সম্পন্ন হয়েছে । ২টি স্টিলের মেইন গেট নির্মাণ সীমানা প্রাচীর হিসেবে প্রকল্প স্থানের তিনদিক ঘেরা পাহাড়ের উপর Barbed wire fitting with MS Angle এর নির্মাণ কাজ অবশিষ্ট আছে।

**২.২: আর্থিক অগ্রগতি:** প্রকল্প কাজের আর্থিক কাজের অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্প মেয়াদকাল ছিল জুন ২০২০ পর্যন্ত। ইতোমধ্যে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে। ডিপিপি সংশোধনমতে দেশে মহামারী কোভিড-১৯ এর কারনে প্রকল্পের কাজ বন্ধ থাকায় প্রকল্প মেয়াদ জুন ২০২১ পর্যন্ত ০১ ((এক) বছর বৃদ্ধিকরণ করা হয়েছে ও প্রাক্কলিত ব্যয় হ্রাস পেয়ে ৬১৬৯.০১ লক্ষ টাকা পুনঃ নির্ধারিত হয়েছে। জুন ২০২০ পর্যন্ত প্রকল্পের অনুকূলে ক্রমপুঞ্জিত ব্যয় **৪৯২৭.৮১** লক্ষ টাকা প্রকল্পের অনুকুলে ২০২০-২১ অর্থ বছরে জন্য মাত্র ১.০০ লক্ষ টাকা বাজেট বরাদ্দ প্রদান করা হয়। অবশিষ্ট ১২৪১.২১ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে শ্রম অধিদপ্তর হতে গত ১৬ জুলাই ২০২০ তারিখের ৪০.০২.০০০০.০৩৭.১৪.০০৬.১৯.১০৩ নং স্মারকে এবং গত ০৫ জানুয়ারী ২০২১ তারিখের ৪০.০২.০০০০.০৩৭.১৪.০০১.১৭.০২ স্মারকে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে পত্র প্রেরীত হয়। তৎপ্রেক্ষিতে ২০২০-২১ অর্থ বছরে সংশোধিত এডিপিতে মাত্র ৩০০.০০ লক্ষ টাকা বরা্দ্দ প্রদান করা হয়েছে যা প্রকল্প কাজ বাস্তবায়ন ও সমাপ্ত করণে অপ্রতুল। আলোচনার এ পর্যায়ে প্রকল্প পরিচালক সভায় অবগত করেন যে, ২০২১-২২ অর্থ বছরে প্রকল্পের অনুকুলে উন্নয়ন বাজেটে অবশিষ্ট অর্থের সংস্থান করতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০২১ পর্যন্ত করা প্রয়োজন।

**আলোচনা: ৩. ২০২১-২২ অর্থ বছরের জন্য ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধিজনিত প্রস্তাব পর্যালোচনা:**

**আলোচনার এ পর্যায়ে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির জন্য ডিপিপি ২য় সংশোধন প্রয়োজন বলে প্রকল্প পরিচালক সভাকে অবগতি করেন। তিনি বলেন যে,** ২০২০-২১ অর্থ বছরে প্রকল্প সমাপ্তকরণে ১২৪১.২১

লক্ষ টাকা বরাদ্দ প্রদানের প্রয়োজন কিন্তু ২০২০-২১ অর্থ বছরে সংশোধিত এডিপিতে মাত্র ৩০০.০০ লক্ষ টাকা বরা্দ্দ প্রদান করা হয়। প্রকল্প শেষ করতে অর্থের প্রয়োজন ছিল আরও ৯৪১.২১ লক্ষ টাকা। ২০২০-২১ অর্থ বছরে অবশিষ্ট অর্থের সংস্থান না হলে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০২১ পর্যন্ত করতে হবে। এমতাবস্থায় আলোচনান্তে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ আরো ০৬ মাস অর্থাৎ ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি জনিত প্রস্তাব প্রকল্পের PSC সভায় সদয় বিবেচনার জন্য সুপারিশ করতে কমিটির সদস্যবৃন্দ একমত পোষন করেন।

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্পের আগামী PSC সভায় সদয় অনুমোদনের জন্য নিম্নরুপ সুপারিশ করেনঃ

৪. **সুপারিশসমুহ:**

৪.১. প্রকল্প মেয়াদ ২০২১-২২ অর্থবছরের আওতায় ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত বৃদ্ধির নিমিত্ত প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদকাল বৃদ্ধিজনিত প্রকল্পের ২য় সংশোধনী প্রস্তাব বিবেচনার জন্য সুপারিশ করা হলো।

৪.২. প্রকল্পের টাইম বাউন্ড এ্যাকশন প্লান সংশোধিত মতে হালনাগাদ করে তা আগামী PSC সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

পরিশেষে সভাপতি প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে আরো ত্বরান্বিত করার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবদুল লতিফ খান এনডিসি
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৭.১৪.০০১.১৭.৭৬

তারিখ: ২৯ চৈত্র ১৪২৭
১২ এপ্রিল ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)।
২) মহাপরিচালক, বাস্তবায়ন পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগ (সেকশন-৫), শেরে বাংলা নগর, ঢাকা।,
৩) মহাপরিচালক, (আরএন্ডআইসিটি), সেনা কল্যাণ সংস্থা, রাওয়া কমপ্লেক্স, ঢাকা),
৪) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর
৫) যুগ্ম-প্রধান, একনেক অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা,
৬) যুগ্ম-প্রধান, প্রোগ্রামিং ডিভিশন, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা,
৭) উপ- প্রধান, আর্থ -সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।,
৮) উপ সচিব, বাজেট-১৩ শাখা, অর্থ বিভাগ
৯) প্রকল্প পরিচালক, সেনা কল্যাণ সংস্থা, বাংলাদেশ সেনাবাহিনী।
১০) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-১ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১১) অফিস কপি।

আবদুল লতিফ খান এনডিসি
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)